

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বাজেট শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)



স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২২.০০৩.২০.৪৭৪

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭

১১ এপ্রিল ২০২১

বিষয়: এপিএ'র নতুন কাঠামো এবং নির্দেশিকা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ৩৪.০০.০০০০.০৪৫.২২.০০৩.২০.৪৭৪, তারিখ: ১৫/০৩/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল সরকারি অফিসের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র একটি নতুন কাঠামো প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। নতুন কাঠামো অনুযায়ী এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের বিস্তারিত বিবরণসহ একটি নির্দেশিকাও মন্ত্রিপরিষদ বিভাগ প্রস্তুত করেছে। নির্দেশিকাটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে ([www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)) আপলোড করা হয়েছে।

০২। এছাড়াও নতুন কাঠামোটি ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়নের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং নিজ মন্ত্রণালয়/বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের সকল অফিসে (বিভাগ/জেলা/উপজেলা ও আঞ্চলিক পর্যায়) নতুন কাঠামো ও নির্দেশিকা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়ন নিশ্চিত করতে হবে মর্মে পত্রে উল্লেখ রয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র নতুন কাঠামো অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১১-৪-২০২১

এস. এম. হুমায়ুন কবির

সহকারী সচিব

ফোন: ৯৫৮৮৫৩১

ইমেইল:

[sas.budget@moysports.gov.bd](mailto:sas.budget@moysports.gov.bd)

বিতরণ (কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৪) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন,

ঢাকা।


৬) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২২.০০৩.২০.৪৭৪/১(২)

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭  
১১ এপ্রিল ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।



১১-৪-২০২১

এস. এম. হুমায়ুন কবির  
সহকারী সচিব